



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৩-০১-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশন দেশের ফুটবলের উন্নয়নে গ্রাসরুট/তৃণমূল এর বিভিন্ন কর্মসূচী হাতে নিয়েছে। এর প্রেক্ষিতে বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক গ্রাসরুট/তৃণমূল কর্মসূচীর আওতায় গত ১৮-১১-২০২০ তারিখ নীলফামারী, মাদারীপুর ও ফেনী তিনটি ভেন্যুতে গ্রাসরুট/তৃণমূল কার্যক্রমের উদ্বোধন হয়। ৬ (ছয়) টি বয়স ভিত্তিক গ্রুপের মধ্যে ছেলেদের জন্য ৪ (চার) টি গ্রুপ এবং মেয়েদের জন্য ২ (দুটি) টি গ্রুপ নির্ধারণ করা হয়েছে। বয়স ভিত্তিক গ্রুপে ছেলে ও মেয়েদের বয়সসীমা ৮ (আট) বছর থেকে ১৮ (আঠারো) বছর। প্রতি ব্যাচে ছেলেদের সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) জন এবং মেয়েদের সর্বোচ্চ ৩০ (ত্রিশ) জন করে খেলোয়াড় নিয়ে গঠন করা হয়। প্রতিটি জোনে ২৬০ জন প্রশিক্ষার্থী (২০০ জন ছেলে ও ৬০ জন মেয়ে) প্রশিক্ষণরত রয়েছে।

গত ১২-০১-২০২১ তারিখ মাদারীপুর ও ফেনী জোনে সকল গ্রুপের খেলোয়াড়দের মধ্যে ম্যাচ জার্সি বিতরণ করা হয়েছে। অদ্য ১৩-০১-২০২১ তারিখ শেখ কামাল স্টেডিয়াম, নীলফামারী জোনে খেলোয়াড়দের মধ্যে ম্যাচ জার্সি বিতরণ অনুষ্ঠিত হয়। জার্সি বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাফুফে সদস্য ও নীলফামারী জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি জনাব আরিফ হোসেন মুনসহ অন্যান্য কর্মকর্তা, খেলোয়াড় ও প্রশিক্ষকবৃন্দ।

খেলোয়াড়গণ যাতে প্রশিক্ষণের পাশাপাশি বিভিন্ন ফুটবল একাডেমী ও পার্শ্ববর্তী জেলার সাথে ম্যাচে অংশগ্রহণ করতে পারে সেলক্ষ্যে উক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।